তারিখ 06 APR 2016
পৃষ্ঠা ... কলাম 2

সংবাদ

# নাটোরে স্কুলে বিষাক্ত গ্যাস : অসুস্থ ২৮

## দু'জনকে রামেক হাসপাতালে ভর্তি

প্রতিনিধি, নাটোর

নাটোরের গুরুদাসপুরে গ্যাস ক্রিয়ায় অভিভাবকসহ ব্র্যাকের একটি স্কুলের ২৬ শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়ে। এদের দু'জনকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। অন্যদের গুরুদাসপুর উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি করা হয়েছে। গত সোমবার সকালে দিকে অভিভাবকসহ শিক্ষার্থীরা গুরুদাসপুর উপজেলার বিন্নাবাড়ি হাজিপাড়া এলাকাস্থ শিপন ব্র্যাক স্কুলে আসে। শিক্ষক ও কয়েকজন অভিভাবকসহ শিক্ষার্থীরা স্কুলের ঘর খুলে ভিতরে প্রবেশ করার পর পরই দু'জন অভিভাবকসহ কয়েকজন শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়ে। এসময় ঘরের দরজা খুলে দিলে আরও কয়েকজন শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়ে। খবর পেয়ে স্বাস্থ্য কর্মীসহ পুলিশ ঘটনাস্থলে ছুটে গিয়ে দ্রুত তাদের উদ্ধার করে গুরুদাসপুর উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি করে।

গুরুদাসপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহম্মদ ইব্রাহিম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, স্কুলের ল্যাট্রিনের নির্গত গ্যাস ক্রিয়ায় এমনটি হতে পারে। গুরুদাসপুর উপজেলা হাসপাতালের মেডিকেল অফিসার ডাঃ মাহমুদুর রহমান অপু জানান ,হাসপাতালে অসুস্থ ২০ শিশুকে ভর্তি করা হয়। চিকিৎসা দেয়ার পর তারা মোটামুটি সুস্থ হয়। ১ জনকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আনন্দ মোহন মন্ডল জানান, অসুস্থতার কারণ অনুসন্ধান করা হচ্ছে।